আমরা নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে জুমু‘আহর সালাত আদায় করতাম। অতঃপর আমরা ফিরে আসতাম। তখন দেয়ালের একটু ছায়াও দেখতাম না যার ছায়া দ্বারা আমরা ছায়া গ্রহণ করতে পারি।

সালামাহ ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি ছিলেন গাছের লোকদের
একজন। তিনি বলেন, “আমরা নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে জুমু‘আহর সালাত আদায় করতাম। অতঃপর আমরা ফিরে আসতাম। তখন দেয়ালের একটু ছায়াও দেখতাম না যার ছায়া
দ্বারা আমরা ছায়া গ্রহণ করতে পারি”। অপর শব্দে বর্ণিত: “আমরা রাসূলের সাথে জুমুআর
সালাত আদায় করতাম যখন সূর্য্য ডলে যেতো। তারপর আমার ফেরার পথে ছায়া তালাশ করতাম”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সালামাহ ইবনুল আকওয়া রাদিয়াল্লাহু ‘আনহু বর্ণনা করেন যে, তারা নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে জুমু‘আহর সালাত আদায় করতে উপস্থিত হতেন এবং তারা সকাল সকাল সালাত আদায় করতেন। ফলে তারা দুই খুতবা এবং সালাত আদায় থেকে ফারেগ হয়ে তাদের নিজেদের ঘরে ফিরে যেতেন। তখন দেয়ালের এমন একটু ছায়া দেখতেন না যার ছায়া দ্বারা তারা ছায়া গ্রহণ করবেন। অপর শব্দে বর্ণিত: তারা রাসূলের সাথে জুমুআর সালাত আদায় করতেন যখন সূর্য্য ডলে যেতো। তারপর তার বাড়িতে ফিরে যেতেন। উলামাগণ এ বিষয়ে একমত যে, জুমু‘আর সালাতের শেষ সময় হলো যোহরের সালাতের শেষ সময়। আর উত্তম হলো সুর্য্য ডলে যাওয়ার পর সালাত আদায় করা। কারণ, রাসূলের কর্ম অধিকাংশ সময় এমনই হতো। এ ছাড়াও এটি হল এমন সময় যার ওপর উলামাগণ একমত। তবে যদি কোন প্রয়োজন থাকে যেমন কঠিন গরম অথচ তাদের কাছে এমন কিছু নাই যা দ্বারা তারা ছায়া গ্রহণ করবে অথবা তারা সুর্য্য ডলার পূর্বে জিহাদে বের হতে চায় তখন সূর্য্য ডলার কিছু সময় আগে সালাত আদায় করাতে কোন অসুবিধা নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/5398